

পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস  
ঢাকা বিশ্ববিদ্যালয়  
(অফিস) ৮৬১৩২৮০  
৯৬৬১৯০০-৫৯/৪০৭৫  
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২



OFFICE OF THE CONTROLLER OF  
EXAMINATIONS

UNIVERSITY OF DHAKA  
DHAKA-1000, BANGLADESH  
Phone : (off.) 8613280  
9661900-59/4075  
Fax : 88-02-9667222  
E-mail : examcontrollera7c@du.ac.bd

মেমো নং:- ১৫৫৮/শা-২(ক)/প.

তারিখ: ০৯ আশ্বিন ১৪৩০  
২৪ সেপ্টেম্বর ২০২৩

- ১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
- ২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
- ৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
- ৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, মহাখালী, ঢাকা।

মহোদয়,

আপনাকে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত সরকারি সাত (০৭) কলেজ সম্পর্কে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সভায় শিক্ষার্থীদের সমস্যার বিষয়ে আলোচনা করে উক্ত সমস্যা সমাধানের কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়। তারই ধারাবাহিকতায় বিগত একটি সভায় সিদ্ধান্ত হয় যে, শিক্ষার্থীরা তাদের প্রবেশপত্র কলেজ অফিস/বিভাগ থেকে সংগ্রহের পরিবর্তে অধিভুক্ত সরকারি সাত (০৭) কলেজের ফরমপূরণ ওয়েবসাইটে তাদের আই ডি, পাসওয়ার্ড দিয়ে লগইন করে ডাউনলোড করে নিতে পারবে। এতে করে যেমন পরীক্ষার আগে শিক্ষার্থীর সময় বাঁচবে তেমন করে কলেজ অফিস/বিভাগের উপর চাপ কমবে। তারই ফলশ্রুতিতে অনার্স ১ম বর্ষ ২০২২ সনের পরীক্ষার প্রবেশপত্র শিক্ষার্থীরা অধিভুক্ত সরকারি সাত (০৭) কলেজের ফরমপূরণ ওয়েবসাইটে তাদের আই ডি, পাসওয়ার্ড দিয়ে লগইন করে ডাউনলোড করে নিতে পারবে।


আপনার বিশ্বস্ত

  
(মোঃ বাহালুল হক চৌধুরী)

পরীক্ষা নিয়ন্ত্রক  
ঢাকা বিশ্ববিদ্যালয়

২৪.৯.২০২৩

Email: examcontrollera7c@du.ac.bd

  
২৪.০৯.২০২৩